

সংস্কৃতি/২০২২ ইং মাসের আশুগঞ্জ উপজেলা সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী

সভার সভাপতি : সেলিম পারভেজ  
ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ আশুগঞ্জ।  
স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ।  
তারিখ : ০৬/০৪/২০২২ খ্রি.  
সময় : ১০.৩০ ঘটিকা

উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট "ক" সদয় দ্রষ্টব্য

সভার প্রারম্ভে সভাপতি সকলকে শুভেচ্ছা ও সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভাপতি মহোদয় অধ্যকার সভা পরিচালনা করার জন্য অত্র কমিটির সদস্য সচিব উপজেলা মাধ্যমিক কর্মকর্তাকে অনুরোধ করেন। সভাপতির অনুরোধক্রমে উপজেলা মাধ্যমিক কর্মকর্তা সভাপতিকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম পরিচালনা করেন।

আলোচনা ০১ঃ-

উপজেলা মাধ্যমিক কর্মকর্তা আলোচনার শুরুতেই বলেন যে, বাঙ্গালী সংস্কৃতির একটি অবিচ্ছেদ্য অংশ হচ্ছে ১ লা বৈশাখ, উপজেলার বিভিন্ন প্রাথমিক, মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে আসন্ন পহেলা বৈশাখ যথাযথভাবে উদযাপনের জন্য উপজেলা সংস্কৃতি বিষয়ক কমিটি উপজেলা শিক্ষা দপ্তর/ মাধ্যমিক শিক্ষা দপ্তরের সঙ্গে সমন্বয় করে কাজ করবে। পহেলা বৈশাখ যথাযথভাবে উদযাপনের জন্য সকল শিক্ষা প্রতিষ্ঠানকে শিক্ষা দপ্তর থেকে তাগিদ দেয়ার জন্য পরামর্শ দেয়ার বিষয়ে সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।



(সেলিম পারভেজ)

ভাইস চেয়ারম্যান,

উপজেলা পরিষদ

ও

সভাপতি

সংস্কৃতি বিষয়ক উপজেলা কমিটি,


আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া

তারিখঃ- ০৬.০৪.২০২২ খ্রি:

স্মারক নং - সংস্কৃতি/আশু/২০২২/১০২/১(৫)

অনুলিপি সদয় অবগতির জন্য :

- ১। উপজেলা চেয়ারম্যান, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া।
- ৩। উপজেলা ভাইস চেয়ারম্যান( পুরুষ) আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া।
- ৪। উপজেলা ----- কর্মকর্তা, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া।
- ৫। অফিস কপি।



উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা  
আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া।

পরিশিষ্ট “ক”ঃ

সংস্কৃতি বিষয়ক উপজেলা কমিটির সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা

পরিশিষ্ট “ক”ঃ

সংস্কৃতি বিষয়ক উপজেলা কমিটির সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা

ক্রমিক নং	সদস্যগণের নাম	পদবী	স্বাক্ষরিত
০১.	ভাইস চেয়ারম্যান (পুরুষ), উপজেলা পরিষদ, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া	সভাপতি	স্বাক্ষরিত
০২.	চেয়ারম্যান, চরচারতলা ইউনিয়ন পরিষদ	সদস্য	স্বাক্ষরিত
০৩.	চেয়ারম্যান, আশুগঞ্জ ইউনিয়ন পরিষদ	সদস্য	স্বাক্ষরিত
০৪.	জনাব শফিকুর রহমান, শিল্পকলা একাডেমী, আশুগঞ্জ।	সদস্য	স্বাক্ষরিত
০৫.	উপজেলা মাধ্যমিক কর্মকর্তা	সদস্য সচিব	স্বাক্ষরিত



সেলিম পারভেজ  
ভাইস চেয়ারম্যান  
আশুগঞ্জ উপজেলা পরিষদ  
আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া।